মেহেরপুরের আমঝুপিতে মউকের উদ্যোগে ঈদ প্যাকেজ বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে মঙ্গলবার বেলা দুইটার দিকে মউকের প্রধান কার্যালয় চত্ত্বরে এলাকার প্রায় দুইশতাধিক অসহায় নারী, পুরুষ ও প্রতিবন্ধী ব্যক্তির মাঝে ঈদ প্যাকেজ বিতরণ করা হয়েছে।

ঈদ প্যাকেজে চাউল, ডাল, তেল, আলু, সেমাই, আটা, চিনি, সাবান, শ্যাম্পু সহ অন্যান্য প্রয়োজনীয় ঈদ সামগ্রী রাখা হয়। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে এসব ঈদ সামগ্রী বিতরণ করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

মউক প্রতিবছর নিজস্ব উদ্যোগে দরিদ্র, অসহায় ও প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে এ ধরনের ঈদ উপহার বিতরণ করে আসছে, যা এলাকার মানুষের জন্য আনন্দের উৎস হিসেবে বিবেচিত।

মেহেরপুরে দুস্থ মানুষের মাঝে নগদ অর্থ বিতরণ

পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে মেহেরপুরে অসহায়, গরিব ও দুস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার থেকে নগদ অর্থ বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৭ মার্চ) সকাল ১০টায় সদর উপজেলা পরিষদের হল রুমে এ সহায়তা কার্যক্রমের আয়োজন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মোঃ তাজউদ্দীন খান।

এ সময় তিনি বলেন, ঈদের আনন্দ ভাগাভাগি করতে প্রধানমন্ত্রীর তহবিল

থেকে এই অর্থ দেওয়া হচ্ছে। তবে এই অর্থ যদি একজন বা দশ জনের মাধ্যমে দিয়ে তাদের প্রতিষ্ঠিত করা যেত।

এসময় জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমীর সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলামসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং উপকারভোগী সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অসহায় মানুষের মাঝে জেলা পরিষদের আর্থিক সহায়তা বিতরণ

মেহেরপুরে জেলা পরিষদের অনুদান খাতের অর্থের মাধ্যমে অসুস্থ ও অসহায় মানুষের মাঝে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

সোমবার সকালে জেলা পরিষদের মিলন আয়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে ৮০ জন সুবিধাবঞ্চিত মানুষের হাতে এ আত্মিক সহায়তা তুলে দেওয়া হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা পরিষদের প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। এ সময় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ গোলাম জাকারিয়া, নির্বাহী কর্মকর্তা মোঃ সামিউল হক, উচ্চমান সহকারী শাহিন ইকবালসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে “আমরা কয়জন ভ্রমণ

গ্রুপের” ঈদ বাজার বিতরণ

মেহেরপুরে ভ্রমণ গ্রুপ আমরা কয়জন ভ্রমণ গ্রুপের পক্ষ থেকে অসহায় দরিদ্র পরিবারের মাছে ঈদ বাজার সাম্রগী বিতরণ করা হয়েছে।

রবিবার আমরা কয়জন ভ্রমণ গ্রুপের পরিচালক মাহফুজুর রহমানের নেতৃত্বে গ্রুপের সদস্যরা প্রায় অর্ধশত পরিবারের মাঝে এসকল উপহার তুলে দেন।

এসময় আমরা কয়জন গ্রুপের সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে সাড়ে ৭ হাজার অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে সাড়ে ৭ হাজার দরিদ্র-অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার সকালে শহরের আরাপপুরে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ ও জোহান পরিবারের পক্ষ থেকে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

সকালের প্রথম প্রহর থেকেই শহরের বিভিন্ন এলাকা থেকে নারী-পুরুষ ও বয়স্ক মানুষ খাদ্য সহায়তা নিতে আরাপপুর এলাকায় জড়ো হন। অনেকেই দীর্ঘ লাইনে দাঁড়িয়ে খাদ্য সামগ্রী সংগ্রহ করেন। আয়োজকদের পক্ষ থেকে প্রতিটি পরিবারের জন্য ৮ কেজি চাল, ১ কেজি চিনি এবং আধা কেজি সেমাই প্রদান করা হয়, যা পেয়ে উপকারভোগীরা সন্তুষ্টি প্রকাশ করেন।

আয়োজকরা জানায়, সমাজের অসহায় ও নিম্নআয়ের মানুষের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের মানবিক

কার্যক্রম অব্যাহত থাকবে বলেও তারা জানান।

দামুড়হুদায় ‘ওরা বন্ধু সংঘ’র ঈদ সামগ্রী উপহার বিতরণ

দামুড়হুদা উপজেলা সদরের প্রাণকেন্দ্রে অবস্থিত সম্পূর্ণ অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ওরা বন্ধু সংঘ’ এর উদ্যোগে সপ্তাহব্যাপী কর্মসূচির দ্বিতীয় দিনে দামুড়হুদা উপজেলা সদরের প্রাণকেন্দ্রে অবস্থিত সম্পূর্ণ অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ওরা বন্ধু সংঘ’ এর উদ্যোগে সপ্তাহব্যাপী কর্মসূচিরকার্পাসডাঙ্গা ইউনিয়নে ৭৫ জন বিধবা, অসহায়, প্রতিবন্ধী ও বয়স্ক দিনমজুর নারী-পুরুষের মাঝে ঈদ সামগ্রী উপহার বিতরণ করা হয়েছে। স্থানীয়রা সংগঠনের এমন মানবিক উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টায় উপজেলার সীমান্তবর্তী কার্পাসডাঙ্গা ইউনিয়নের পিরপুরকোল্লা গ্রামে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে এই ঈদ সামগ্রী উপহার বিতরণ করা হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মো. মুরশেদ বীন ফয়সাল (তানজির)। প্রদত্ত ঈদ সামগ্রীর মধ্যে ছিল সেমাই, চিনি, সুজি, দুধ, সাবান, শ্যাম্পু, আলু, ডালডা প্রভৃতি।

ঈদ সামগ্রী উপহার হাতে পেয়ে ভালোবাসায় অভিভূত একাধিক উপকারভোগী জানান, ঈদ উপলক্ষে যে উপহার ও ভালোবাসা আমরা পেলাম তা আমাদের জন্য অনেক। যাদের আয়োজনে আজকের এই উপহার হাতে পেলাম, আল্লাহতালা তাদের ভালো রাখুন।

‘ওরা বন্ধু সংঘ’-এর সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক, প্রেসক্লাবের সহ-সভাপতি ও দৈনিক সমকালের জেলা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার আক্তারুল ইসলাম, ইঞ্জিনিয়ার সালাউদ্দিন আহমেদসহ উপকারভোগীরা।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মো. মুরশেদ বীন ফয়সাল (তানজির)

বলেন, সরাসরি উপস্থিত থেকে আপনাদের হাতে সামান্য এই উপহার তুলে দিতে পেরে নিজেকে ধন্য মনে করছি। ২০০৩ সালে সংগঠনের যাত্রা শুরুর পর থেকে অদ্যাবধি সমাজের উন্নয়ন ও কল্যাণে কাজ করে যাচ্ছে ‘ওরা বন্ধু সংঘ’।

তিনি আরও বলেন, সমাজের কয়েকজন মানুষের সহযোগিতায় সংগঠনটি শীতবস্ত্র বিতরণ, ঈদ সামগ্রী বিতরণ, মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ প্রদান, রক্তদান কর্মসূচি, বৃক্ষরোপণ ও ঈদবস্ত্র বিতরণসহ বিভিন্ন মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছে। সমাজের সুবিধাবঞ্চিত মানুষের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েই আজকের এই আয়োজন।

তিনি আশা প্রকাশ করেন, উপস্থিত সবাই সংগঠনের এই ভালোবাসার উপহার সাদরে গ্রহণ করে ভবিষ্যতেও সংগঠনের কল্যাণে পাশে থাকবেন এবং সংগঠনের সকল সদস্যদের জন্য দোয়া করবেন।

আলমডাঙ্গায় “আমরা ক’জন” বন্ধু সংগঠনের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

আলমডাঙ্গায় “আমরা ক’জন” বন্ধু সংগঠনের উদ্যোগে অসহায় ও দুস্থ মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে মানবতার সেবায় “আমরা ক’জন” বন্ধু সংগঠনের উদ্যোগে অসহায় ও দুস্থ মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। মঙ্গলবার বিকেল পাঁচটার দিকে আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়ের মিলনায়তনে এই মানবিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাট বোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের সহকারী অধ্যাপক কবি আসিফ জাহান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন।

তিনি বলেন, মানবতার সেবায় মানুষের সেবা করাই আমাদের মূল লক্ষ্য। ঈদ মানেই আনন্দ, কিন্তু আমাদের আশপাশে এমন কিছু মানুষ আছেন যারা এই ঈদে আনন্দ করতে পারেন না। তাদেরকে একটু আনন্দ দিতে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। আশা রাখি, ভবিষ্যতেও আমাদের এই সহযোগিতা অব্যাহত থাকবে।

হারদী এমএস জোহা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মিজানুর রহমানের পরিচালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন “আমরা ক’জন” বন্ধু কমিটির সদস্য মো. শামসুল আলম, আব্দুর রাজ্জাক মন্টু, এনামুল হক বাচ্চু, আনোয়ারুল ইসলাম, আব্দুল মালেক, এনামুল হক, মঞ্জুরুল ইসলাম লিটু, মহসিন কামাল প্রমুখ।

অনুষ্ঠানের সভাপতি কবি আসিফ জাহান বলেন, আমাদের এই ক্ষুদ্র প্রয়াস আগামী দিনে আরও বৃহৎ আকারে প্রতিফলিত হোক। বিত্তবানদের মাঝে উৎসাহ সৃষ্টি হোক, যেন অসহায় মানুষের পাশে সাহায্যের হাত প্রসারিত হয়।

দোয়া মাহফিল পরিচালনা করেন পরাগপুর মাদ্রাসার শিক্ষক হাফেজ মাওলানা আব্দুল কাদের। আলোচনা সভা শেষে ৩০ জন অসহায় ও দুস্থ মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়।

মেহেরপুরে উপজেলা পর্যায়ে ভোটের সরঞ্জাম বিতরণ সম্পন্ন

আর মাত্র একদিন পর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ। শেষ হয়েছে প্রার্থীদের প্রচার-প্রচারণা। উপজেলা পর্যায়ে ভোটের সরঞ্জাম বিতরণের কাজ সম্পন্ন। বুধবার (১১ ফেব্রুয়ারী) সকালে উপজেলা থেকে কেন্দ্রে কেন্দ্রে পৌঁছে যাবে ভোটের সরঞ্জাম।

মঙ্গলবার (১০ ফেব্রুয়ারী) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের ট্রেজারী থেকে উপজেলা পর্যায়ে ভোটের সরঞ্জাম প্রদান করা হয়।

উপজেলা পর্যায়ের সহকারী রিটার্নিং কর্মকর্তাগণ বুঝে নেন এসব

সরঞ্জাম। অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ এসব সরঞ্জাম তুলে দেন মেহেরপুর-২ আসনের সহকারী রিটার্নিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, মেহেরপুর-১ আসনের সহকারী রিটার্নিং অফিসার ও সদর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম এবং মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদার হাতে।

শৈলকুপায় সংযোগ ফাউন্ডেশনের উদ্যোগে শিক্ষাসামগ্রী বিতরণ

সংযোগ ফাউন্ডেশন এর সহযোগিতায় ঝিনাইদাহ জেলার শৈলকুপা উপজেলার ‘সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষাসামগ্রী প্রদান করা হয়।

গত বৃহস্পতিবার বিকালে উপজেলার ‘আলমডাঙ্গা নূরানী ও হাফেজিয়া মাদ্রাসা’র ১৫০ শিক্ষার্থীর মাঝে এসব সামগ্রী প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন, সংযোগ ভলেন্টিয়ার্স প্রোগ্রামের ঝিনাইদহ জেলার উপদেষ্টা মন্ডলির সদস্যদের মধ্যে সহকারী অধ্যাপক (অব:) ও সাংবাদিক খুরশিদ মোহাঃ সালেহ, দৈনিক ইত্তেফাকের সাংবাদিক ও সহকারী অধ্যাপক মোঃ শাহানুর আলম, ঝিনাইদহ জেলার প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান, সহ সমন্বয়ক খুরশিদ সাকলাইন কাব্য, প্রতিষ্ঠানের প্রিন্সিপাল হাফেজ মাওলানা মনিরুজ্জামান মিরাজ, সহকারী প্রিন্সিপাল মোঃ রিয়াদ হাসান, পরিচালনা পরিষদের সদস্য মোঃ রজব আলী প্রমূখ।

বিতরণকালে জেলার প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান বলেন, এ অঞ্চলের ঝরে পড়া অসহায় সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী ও এতিম শিশু কিশোরদের পাশে দাড়ানো আমাদের প্রধান লক্ষ্য এবং তাঁদের বেসিক ধর্মীয় এবং প্রাক প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব। তিনি সমাজের বিত্তবানদের এসকল কাজে এগিয়ে আসার আহ্বান জানান।

গাংনীতে আল হেরা ফাউন্ডেশনের উদ্যোগে দুস্থ্যদের মধ্যে কম্বল বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রফেসর মোঃ জাহিদুর রহমান নিজ অর্থায়নে গরীব দুস্থদের মধ্যে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করেছেন।

আল হেরা ফাউন্ডেশনের পরিচালক প্রফেসর মোঃ জাহিদুর রহমান গাংনী উপজেলার নওপাড়া, ভাটপাড়া, ধলা, মাইলমারী, কালিগাংনীসহ বিভিন্ন গ্রামের প্রায় সহস্রাধিক কম্বল বিতরণ করেন। কম্বল বিতরণকালে এলাকার গণ্যমান্য ব্যাক্তি উপস্থিত ছিলেন।

জাহিদুর রহমান গাংনী উপজেলার নওপাড়া গ্রামের হাজী আব্দুর রহিমের ছেলে।

কম্বল বিতরণ অনুষ্ঠানে জাহিদুর রহমান বলেন, আমার এলাকার কোনো শিক্ষার্থী যদি অর্থাভাবে পড়ালেখা করতে পারছেনা, আমার কাছে সহযোগীতা চাইলে আমি তার দায়িত্ব নেব। কোনো মানুষ যদি অসুস্থ হয়ে চিকিৎসা চালাতে না পারে, তাদের সব ধরনের সহযোগীতা করবো। সুখে-দুঃখে আমার এলাকার মানুষের পাশে থেকে সেবা করতে চাই। শেষে তিনি সকলকে নামাজের জন্য আহ্বান জানান। কম্বল পেয়ে অনেক খুশি অসহায় শীতে কাতর সকলে।